

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৫৯

কুমারঘাট, ৬ নভেম্বর, ২০২৩

কুমারঘাট মহকুমায় স্টেট এডুকেশনাল অ্যাচিভমেন্ট সার্ভে

কুমারঘাট মহকুমায় সম্প্রতি স্টেট এডুকেশনাল অ্যাচিভমেন্ট সার্ভে-২০২৩ অনুষ্ঠিত হয়। প্রথমবারের মতো এ বছরই এই সার্ভে সংগঠিত করা হয়। এর উদ্দেশ্য, রাজ্যে শিক্ষার স্বাস্থ্য মূল্যায়ন করা। সে অনুযায়ী নির্ধারিত সরকারী, সরকারী অনুমোদন প্রাপ্ত ও বেসরকারী স্কুলগুলিতে তৃতীয়, ষষ্ঠ ও নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে বিভিন্ন গ্রেডে কিছু প্রশ্নমালার মাধ্যমে এই সার্ভের কাজ করা হয়। একটি ক্লাসের ন্যূনতম ৫ জন ছাত্রছাত্রী ও সর্বাধিক ৩০ জন ছাত্রছাত্রীর মধ্যে প্রশ্নমালার মাধ্যমে সার্ভে করা হয়। সার্ভের ফলাফল রাজ্যকেন্দ্র থেকে পরবর্তী সময় জানানো হবে। কুমারঘাট বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের অন্তর্গত ২২টি স্কুলের তৃতীয়, ষষ্ঠ ও নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষার স্বাস্থ্য মূল্যায়ন করা হয়। এই মূল্যায়নে ১৬,১২ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছে। পৌঁচারখল পরিদর্শক কার্যালয়ের অন্তর্গত ১৭টি স্কুলের ৮১৯ জন ছাত্রছাত্রী ও শিক্ষার স্বাস্থ্য মূল্যায়নে অংশগ্রহণ করেছে।
